# উজিরপুর উপজেলা পরিষদ
## বরিশাল জেলা

উজিরপুর উপজেলা পরিষদের জুলাই - ২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব আব্দুল মজিদ সিকদার বাচ্চু, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উজিরপুর। |
| সভার নম্বর | ঃ | ০৭/২০২১ |
| সভার তারিখ ও সময় | ঃ | ১৫-০৭-২০২১ ; দুপুর- ১১.০০ টা |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সভা কক্ষ, উজিরপুর। |

(সদস্যবৃন্দের উপস্থিতির হাজিরা ঃ রেজিস্টারে সংরক্ষিত)

উপস্থিত সদস্যবৃন্দের সাথে সালাম ও শুভেচ্ছা বিনিময় করে সভাপতির শুভেচ্ছা বক্তব্যের মাধ্যমে সভা শুরু করা হয়। অতঃপর বিগত মাসিক সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোনরূপ সংশোধনী ছাড়াই তা' সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর সভায় দপ্তর ওয়ারী নিম্নবর্ণিত বিষয়সমূহ আলোচিত হয় এবং তদপ্রেক্ষিতে সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রমিক | বিভাগ/দপ্তর ভিত্তিক আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১. | উপজেলা নির্বাহী অফিস ঃ<br>উপজেলা নির্বাহী অফিসার, উজিরপুর সভায় জানান যে, তার দপ্তর ও উপজেলা পরিষদের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। এছাড়া তিনি জানান যে, করোনার প্রভাব বেশি দেখা দিতে পারে সেজন্য নিরাপদ দুরত্ব বজায় রেখে চলাফেরা করা এবং মাস্ক পরিধান করা বধ্যতামূলক। তিনি এ বিষয়ে সকলকে সচেতন থাকার জন্য অনুরোধ করেন। | ১. নিরাপদ দুরত্ব বজায় রেখে চলাফেরা করা এবং মাক্স পরিধান করা বধ্যতামূলক এ বিষয়ে সকলকে সচেতন থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও ইউপি চেয়ারম্যান (সকল) |
| ০২. | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ ঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উজিরপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলছে কোন অসুবিধা নেই। এছাড়া তিনি সভায় জানান যে, আসন্ন মৌসুমে করোনার প্রভাব বেশি দেখা দিতে পারে। নিরাপদ দুরত্ব বজায় রাখাসহ মাক্স পরিধান করা বাধ্যতামূলক। | ১. বিভাগীয় ও দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে সম্পন্নকরণের পরামর্শ দেয়া হলো।<br>২. করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারনে স্বাস্থ্য সেবা সঠিকভাবে প্রদান করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উজিরপুর |
| ০৩. | কৃষি বিভাগ ঃ<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, কৃষি বিভাগের কার্যক্রম যথানিয়মে চলছে কোন অসুবিধা নেই। | ১. বিভাগীয় ও দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে সম্পন্নকরণের পরামর্শ দেয়া হলো। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, উজিরপুর |
| ০৪. | প্রকৌশল বিভাগ ঃ<br>উপজেলা প্রকৌশলী, উজিরপুর সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম যথানিয়মে চলছে। তিনি সভায় জানান যে, অত্র উপজেলার বিভিন্ন উন্নয়ন কাজ চলমান। | ১. বিভাগীয় ও দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে সম্পন্নকরণের পরামর্শ দেয়া হলো। | উপজেলা প্রকৌশলী, উজিরপুর |
| ০৫. | আইন-শৃঙ্খলা রক্ষাকারী বিভাগ ঃ<br>অফিসার ইন চার্জ, উজিরপুর থানা এর প্রতিনিধি জানান যে, অত্র উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি বর্তমানে ভালো। এছাড়া তিনি সভায় জানান যে, মাদক ও সন্ত্রাশ দূরীকরণে সকলের সহযোগিতা কামনা করেন এবং তিনি সকলকে নিরপেক্ষ থাকার জন্য অনুরোধ করেন। | ১. আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে সদা সচেষ্ট থাকা ও পুলিশ টহল জোরদার করণের পরামর্শ প্রদান করা হলো। | অফিসার-ইন-চার্জ, উজিরপুর থানা |
| ০৬. | প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা, উজিরপুর সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চলছে কোন অসুবিধা নেই। | ১. বিভাগীয় ও দাপ্তরিক কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করার নিমিত্ত সদা সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করা হলো। | ১. উপজেলা শিক্ষা কর্মকর্তা, উজিরপুর |
| ০৭. | মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উজিরপুর জানান যে, তার বিভাগীয় কার্যক্রম যথানিয়মে চলছে। | ১. বিভাগীয় ও দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে সম্পন্নকরণের পরামর্শ দেয়া হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উজিরপুর |
| ০৮. | মৎস্য বিভাগ ঃ<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চলছে কোন অসুবিধা নেই। | ১. বিভাগীয় ও দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে সম্পন্নকরণের পরামর্শ দেয়া হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা, উজিরপুর |
| ০৯. | প্রাণি সম্পদ বিভাগ ঃ<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা উজিরপুর, সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলছে কোন অসুবিধা নেই। | ১. বিভাগীয় ও দাপ্তরিক কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করার নিমিত্ত সদা সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উজিরপুর |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১০. | সমাজসেবা বিভাগ :<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, উজিরপুর সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম যথানিয়মে চলছে। তিনি সভায় আরও জানান যে, ভাতাভোগীদের এম আই এস কার্যক্রম চলমান। | ১. বিভাগীয় ও দাপ্তরিক কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করার নিমিত্ত সদা সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, উজিরপুর |
| ১১. | প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উজিরপুর জানান যে, তার বিভাগের কার্যক্রম যথানিয়মে চলছে। বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নে তেমন কোন উল্লেখযোগ্য সমস্যা নেই। | ১. বিভাগীয় ও দাপ্তরিক কার্যক্রম দ্রুততার সাথে সুচারুরূপে সম্পন্ন করার নিমিত্ত সদা সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করা হয় | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উজিরপুর |
| ১২. | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ঃ<br>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), উজিরপুর সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম যথানিয়মে চলছে। | ১. বিভাগীয় ও দাপ্তরিক কার্যক্রম দ্রুততার সাথে সুচারুরূপে সম্পন্ন করার নিমিত্ত সদা সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), উজিরপুর |
| ১৩. | মহিলা বিষয়ক বিভাগ ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উজিরপুর জানান যে, তার বিভাগীয় কার্যক্রম যথানিয়মে চলছে। তিনি আরও জানান যে, উপজেলার কিছু কিছু ইউনিয়নে এখনও বাল্য বিবাহ সংঘটিত হয়। এজন্য সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে সহযোগিতা করা সহ সংশ্লিষ্ট সকলকে কাজ করার জন্য অনুরোধ করা হলো।<br>তিনি সভায় আরও জানান যে, জয়িতা ফাউন্ডেশন, উজিরপুর এর ০২টি কক্ষ নির্মাণ ও মেরামত করা প্রয়োজন। সভায় উল্লিখিত বিষয় বিস্তারিত আলোচনা করা হয়। | ১. দাপ্তরিক কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করার নিমিত্ত সদা সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করা হয়।<br>২. বাল্য বিবাহ প্রতিরোধে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।<br>৩. জয়িতা ফাউন্ডেশন, উজিরপুর এর ০২টি কক্ষ নির্মাণ ও মেরামত প্রকল্পটি উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উজিরপুর |
| ১৪. | যুব উন্নয়ন অধিদপ্তর ঃ<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উজিরপুর জানান যে, তার বিভাগীয় কার্যক্রম যথানিয়মে চলছে। | ১. দাপ্তরিক কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করার নিমিত্ত সদা সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উজিরপুর |
| ১৫. | পরিবার পরিকল্পনা বিভাগ ঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উজিরপুর জানান যে, তার বিভাগীয় কার্যক্রম যথানিয়মে চলছে। | ১. দাপ্তরিক কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করার নিমিত্ত সদা সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা পঃপঃ কর্মকর্তা, উজিরপুর |
| ১৬. | খাদ্য বিভাগ ঃ<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, উজিরপুর জানান যে, তার বিভাগীয় কার্যক্রম যথানিয়মে চলছে। | ১. বিভাগীয় ও দাপ্তরিক কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করার নিমিত্ত সদা সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, উজিরপুর |
| ১৭. | সমবায় বিভাগ ঃ<br>উপজেলা সমবায় কর্মকর্তা, উজিরপুর জানান যে, তার বিভাগীয় কার্যক্রম যথানিয়মে চলছে। | ১. বিভাগীয় ও দাপ্তরিক কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করার নিমিত্ত সদা সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা সমবায় অফিসার, উজিরপুর |
| ১৮. | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, উজিরপুর জানান যে, তার বিভাগীয় কার্যক্রম যথানিয়মে চলছে। | ১. বিভাগীয় ও দাপ্তরিক কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করার নিমিত্ত সদা সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, উজিরপুর |
| ১৯. | বন বিভাগ ঃ<br>ফরেষ্টার, বন বিভাগ উজিরপুর সভায় জানান যে, তার বিভাগীয় কায়ক্রম যথানিয়মে চলছে। | ১. বিভাগীয় ও দাপ্তরিক কার্যক্রম সুচারূরূপে সম্পন্ন করার নিমিত্ত সদা সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করা হয়। | ফরেষ্টার, সামাজিক বন বিভাগ, উজিরপুর |
| ২০. | আনসার ও ভিডিপি বিভাগ ঃ<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, উজিরপুর জানান যে, তার বিভাগীয় কার্যক্রম যথানিয়মে চলছে। | ১. বিভাগীয় ও দাপ্তরিক কার্যক্রম সুচারূরূপে সম্পন্ন করার নিমিত্ত সদা সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, উজিরপুর |
| ২১. | আমার বাড়ি আমার খামার প্রকল্পঃ<br>সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, উজিরপুর জানান যে, তার বিভাগীয় কার্যক্রম যথানিয়মে চলছে। | ১. বিভাগীয় ও দাপ্তরিক কার্যক্রম সুচারূরূপে সম্পন্ন করার নিমিত্ত সদা সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করা হয়। | সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, উজিরপুর |
| ২২. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ<br>উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, তার প্রকল্পের কাজ সঠিক ভাবে চলছে। | ১. দাপ্তরিক কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করার নিমিত্ত সদা সচেষ্ট থাকার পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা পরিষদ উজিরপুর, বরিশাল |
| ২৩. | সাতলা ইউনিয়ন পরিষদ ঃ<br>চেয়ারম্যান, সাতলা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম যথানিয়মে চলছে। তিনি সভায় আরও জানান যে, সাতলা ব্রীজের পূর্ব পার্শ্বের এ্যাপ্রোস জরুরীভিত্তিতে সংস্কার করা প্রয়োজন। তিনি উপজেলা পরিষদ এর উন্নয়ন তহবিল থেকে উক্ত রাস্তাটি বাস্তবায়ন করা অনুরোধ জানান।<br>তিনি সভায় আরও জানান যে, খেয়াঘাট ইজারালব্দ অর্থ থেকে যাত্রী পরিসেবার জন্য নিম্নলিখিত প্রকল্পগুলো বাস্তবায়ন করা প্রয়োজন।<br>০১. শিবপুর-রাজাপুর খেয়াঘাটে ঘাটলা ও যাত্রী ছাউনী নির্মাণ।<br>০২. শিবপুর-রাজাপুর-বিশারকান্দি খেয়াঘাটে ঘাটলা ও যাত্রী ছাউনী নির্মাণ। | ১. ইউনিয়ন পরিষদের কার্যক্রম যথানিয়মে সম্পন্ন করার পরামর্শ প্রদান করা হলো।<br>২. সাতলা ব্রীজের পূর্ব পার্শ্বের এ্যাপ্রোস সংস্কার করণ প্রকল্পটি উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. খেয়াঘাট ইজারালব্দ অর্থ থেকে যাত্রী পরিসেবার জন্য ০১. শিবপুর-রাজাপুর খেয়াঘাটে ঘাটলা ও যাত্রী ছাউনী নির্মাণ।<br>০২. শিবপুর-রাজাপুর-বিশারকান্দি খেয়াঘাটে ঘাটলা ও যাত্রী ছাউনী নির্মাণ প্রকল্প ০২ টি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, সাতলা ইউনিয়ন পরিষদ |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | **হারতা ইউনিয়ন পরিষদ ঃ**<br>চেয়ারম্যান, হারতা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম যথানিয়মে চলছে। তিনি সভায় জানান যে, হারতা উত্তর পাড় নতুন হাটের ১৫% অর্থ থেকে দঃ পাড় কুমারপট্টি রাস্তা সলিং করণ প্রকল্পটি অনুমোদনের প্রস্তাব করেন।<br>এছাড়া তিনি সভায় আরও জানান জামবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দক্ষিন পার্শ্ব পাইলিং করা প্রয়োজন। | ১. ইউনিয়ন পরিষদের কার্যক্রম যথানিয়মে সম্পন্ন করার পরামর্শ প্রদান করা হলো।<br>২. হারতা উত্তর পাড় নতুন হাটের ১৫% অর্থ থেকে দঃ পাড় কুমারপট্টি রাস্তা সলিং করণ প্রকল্পটি অনুমোদন দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. উপজেলা পরিষদ এর উন্নয়ন তহবিল হতে জামবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দক্ষিন পার্শ্ব পাইলিং পকল্পটি বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, হারতা ইউনিয়ন পরিষদ |
| ২৫. | **জল্লা ইউনিয়ন পরিষদ ঃ**<br>চেয়ারম্যান, জল্লা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম যথানিয়মে চলছে। তেমন কোন সমস্যা নেই। | ১. ইউনিয়ন পরিষদের কার্যক্রম যথানিয়মে সম্পন্ন করার পরামর্শ প্রদান করা হলো। | চেয়ারম্যান,জল্লা ইউনিয়ন পরিষদ |
| ২৬. | **ওটরা ইউনিয়ন পরিষদ ঃ**<br>চেয়ারম্যান, ওটরা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম যথানিয়মে চলছে। সার্বিক পরিস্থিতি মোটামুটি ভাল। | ১. ইউনিয়ন পরিষদের কার্যক্রম যথানিয়মে সম্পন্ন করার পরামর্শ প্রদান করা হলো। | চেয়ারম্যান, ওটরা ইউনিয়ন পরিষদ। |
| ২৭. | **শোলক ইউনিয়ন পরিষদ ঃ**<br>চেয়ারম্যান, শোলক ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম যথানিয়মে চলছে। | ১ ইউনিয়ন পরিষদের কার্যক্রম যথানিয়মে সম্পন্ন করার পরামর্শ প্রদান করা হলো। | চেয়ারম্যান,শোলক ইউনিয়ন পরিষদ |
| ২৮. | **বড়াকোঠা ইউনিয়ন পরিষদ ঃ**<br>চেয়ারম্যান, বড়াকোঠা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম যথানিয়মে চলছে।<br>এছাড়া তিনি সভায় জানান যে, খেয়াঘাট ইজারালব্দ অর্থ থেকে যাত্রী পরিসেবার জন্য নিম্নলিখিত প্রকল্পগুলো বাস্তবায়ন করা প্রয়োজন।<br>০১. চৌধুরীহাট খেয়াঘাটে ঘাটলা ও যাত্রী ছাউনী নির্মাণ। | ১. ইউনিয়ন পরিষদের কার্যক্রম যথানিয়মে সম্পন্ন করার পরামর্শ প্রদান করা হলো।<br>২. খেয়াঘাট ইজারালব্দ অর্থ থেকে যাত্রী পরিসেবার জন্য চৌধুরীহাট খেয়াঘাটে ঘাটলা ও যাত্রী ছাউনী নির্মাণ প্রকল্পটি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, বড়াকোঠা ইউনিয়ন পরিষদ। |
| ২৯. | **বামরাইল ইউনিয়ন পরিষদ ঃ**<br>চেয়ারম্যান, বামরাইল ইউনিয়ন পরিষদ জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম যথানিয়মে চলছে। কোন সমস্যা পরিলক্ষিত হয়নি। | ১. ইউনিয়ন পরিষদের কার্যক্রম যথানিয়মে সম্পন্ন করার পরামর্শ প্রদান করা হলো। | চেয়ারম্যান, বামরাইল ইউনিয়ন পরিষদ |
| ৩০. | **শিকারপুর ইউনিয়ন পরিষদ ঃ**<br>চেয়ারম্যান , শিকারপুর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম যথানিয়মে চলছে। | ১. ইউনিয়ন পরিষদের কার্যক্রম যথানিয়মে সম্পন্ন করার পরামর্শ প্রদান করা হলো। | চেয়ারম্যান শিকারপুর - উজিরপুর ইউপি |
| ৩১. | **গুঠিয়া ইউনিয়ন পরিষদ ঃ**<br>চেয়ারম্যান, গুঠিয়া ইউনিয়ন পরিষদ জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম যথানিয়মে চলছে। সার্বিক পরিস্থিতি মোটামুটি ভাল। | ১. ইউনিয়ন পরিষদের কার্যক্রম যথানিয়মে সম্পন্ন করার পরামর্শ প্রদান করা হলো। | চেয়ারম্যান, গুঠিয়া ইউনিয়ন পরিষদ। |
| ৩২. | বিবিধঃ ক) উপজেলা নির্বাহী অফিসার জানান যে, করোনা ভাইরাস (কেভিড-১৯) মহামারী আকারে ধারন করেছে। তিনি সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলাচল করার জন্য অনুরোধ করেন। এছাড়া সরকারি বরাদ্দ ও স্থানীয়ভাবে সংগ্রহকৃত ত্রান সঠিক ভাবে বন্টনের জন্য চেয়ারম্যানদের অনুরোধ করেন।<br>খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, করোনা ভাইরাস (কেভিড-১৯) প্রচুর পরিমানে দেখা দিতে পাড়ে। তিনি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষন করে জানান সরকারি নির্দেশনা কঠোর ভাবে পালন করতে হবে। সময়ে সময়ে সরকার কর্তৃক নির্দেশনা বাস্তবায়ন সহ সামাজিক দুরত্ব বজায় রাখতে এবং মাস্ক ব্যবহার করা বধ্যতামূলক বিষয়ে স্থানীয় জনগনকে সচেতন করার জন্য চেয়ারম্যানদের অনুরোধ করেন।<br>গ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উজিরপুর উপজেলায় উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়ের জন্য ভবন নির্মাণের লক্ষ্যে উপজেলা পরিষদের নিজস্ব জমির উজিরপুর মৌজার জেএল ৯২ নং, খতিয়ান ৯০১, এসএ দাগ নং ২১৬,২১৭, জমির পরিমান ০.১০ একর জমি উপজেলা পরিষদ সম্প্রসারিত প্রশাসনিক ভবনের পূর্ব পার্শে খালি জমি থাকায় উল্লিখিত স্থানে ভবন নির্মাণ করার প্রস্তাব করা হয়।<br>ঘ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, গুঠিয়া ইউনিয়নের পার্শ্ববতী মেজর এমএ জলিল মাদ্রাসা ও এতিম খানার জরুরীভিত্তিতে ভবন নির্মান করা প্রয়োজন। | ১. সরকারি বরাদ্দ ও স্থানীয়ভাবে সংগ্রহকৃত ত্রান সামগ্রী সঠিক ভাবে বিতরণের জন্য চেয়ারম্যানদের অনুরোধ করা হলো।<br>২. সামাজিক দুরত্ব বজায় রাখা, মাস্ক পরিধান করা বাধ্যতামূলক সহ সরকার প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে পালনের জন্য স্ব-স্ব এলাকার চেয়ারম্যানদের অনুরোধ করা হলো।<br>৩. উজিরপুর উপজেলায় উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়ের জন্য ভবন নির্মাণের লক্ষ্যে উপজেলা পরিষদের নিজস্ব জমির উজিরপুর মৌজার জেএল ৯২ নং,খতিয়ান ৯০১, এসএ দাগ নং ২১৬,২১৭, জমির পরিমান ০.১০ একর জমি উপজেলা পরিষদ সম্প্রসারিত প্রশাসনিক ভবনের পূর্ব পার্শে খালি জমি থাকায় উল্লিখিত স্থানে ভবন নির্মাণ করার প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪. মেজর এম.এ জলিল মাদ্রাসা ও এতিম খানার ভবন নির্মান প্রকল্পটি জরুরীভিত্তিতে (আরএফকিউ এর মাধ্যমে) উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>ও<br>[illegible]<br><br>২। উপজেলা নির্বাহী অফিসার, উজিরপুর। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি দাপ্তরিক কার্যক্রম এবং সকল ধরনের উন্নয়নমূলক কার্যাবলী বিধি-বিধান অনুসরন করে সম্পাদন করার ধন্যবাদ জানিয়ে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আব্দুল মজিদ সিকদার বাচ্চু)
চেয়ারম্যান
উজিরপুর উপজেলা পরিষদ
উজিরপুর, বরিশাল।

তারিখ ঃ ১৫/০৭/২০২১

স্মারক নং- ০৫.১০.০৬৯৪.০০৪.০৩.০১৮.২০-

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১২০ -বরিশাল-২ ও উপদেষ্টা, উজিরপুর উপজেলা পরিষদ, বরিশাল।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, ........................................ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মহাপরিচালক, ................................ অধিদপ্তর, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৬। জেলা প্রশাসক, বরিশাল।
৭। ভাইস-চেয়ারম্যান, উজিরপুর উপজেলা পরিষদ, উজিরপুর, বরিশাল।
৮। মহিলা ভাইস-চেয়ারম্যান, উজিরপুর উপজেলা পরিষদ, উজিরপুর, বরিশাল।
৯। উপজেলা ...................................... অফিসার, উজিরপুর, বরিশাল।
১০। চেয়ারম্যান, ................................. ইউনিয়ন পরিষদ, উজিরপুর, বরিশাল।
১১। জনাব ...............................................................

১৫/০৭/২১
উপজেলা নির্বাহী অফিসার
উজিরপুর, বরিশাল।